

১. কৃষি মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার

কৃষি মন্ত্রণালয় এর অধীনস্থ সংস্থাসমূহকে কৃষি উপকরণ ও প্রযুক্তিসমূহ কৃষকদের মাঝে সরবরাহকরণে এবং দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করে তোলা এবং জনগণের খাদ্য নিরাপত্তা অর্জনে অব্যহত ভূমিকা পালনে সহায়তা করতে অঙ্গীকারবদ্ধ।

২. আমাদের সেবাসমূহ/কার্যাবলী (এলোকেশন অব বিজনেস, ১৯৯৬ এবং জাতীয় কৃষি নীতি, ১৯৯৯ অনুসরণে)
 - ২.১. দেশের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য নিজস্ব সম্পদের সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে জাতীয় কৃষি নীতি, কর্মসূচী এবং প্রকল্পসমূহ বাস্তবায়ন করা;
 - ২.২. লাভজনক এবং টেকসই কৃষি উৎপাদন ব্যবস্থা নিশ্চিত করা এবং কৃষকদের প্রকৃত আয় বৃদ্ধির মাধ্যমে তাদের ক্রয়ক্ষমতা সৃষ্টি করা;
 - ২.৩. প্রতিযোগিতামূলক বাজারে কৃষকদের জন্য ন্যায্যমূল্যে কৃষি উপকরণ (বীজ, সার, সেচ এবং কীটনাশক ইত্যাদি) সরবরাহ নিশ্চিত করা এবং উপকরণ বিতরণ ব্যবস্থা বেসরকারীকরণের ফলে কৃষক পর্যায়ে উদ্ভূত সমস্যাবলী দূরীকরণের লক্ষ্যে কৃষি বাজার ব্যবস্থাপনার উন্নয়ন করা;
 - ২.৪. কৃষকদের জন্য কৃষি সহায়তা এবং কৃষি পুণর্বাসন কর্মসূচী গ্রহণ করা;
 - ২.৫. কৃষি পণ্যের আমদানী হ্রাস এবং রপ্তানী বৃদ্ধির নতুন নতুন সুযোগ সৃষ্টি করা;
 - ২.৬. কৃষি পণ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষি নির্ভর নতুন শিল্প স্থাপনের সুযোগ সৃষ্টি করা;
 - ২.৭. কৃষক দল/সমন্বিত বালাই ব্যবস্থাপনা দল/চুক্তিবদ্ধ খামার কৃষক দল, জেলা কৃষি কমিটি, উপজেলা কৃষি কমিটি এবং ইউনিয়ন কৃষি কমিটি গঠনে প্রশাসনিক সহায়তা প্রদান করা;
 - ২.৮. কৃষি খামার যান্ত্রিকীকরণ ব্যবস্থার উন্নয়ন করা;

- ২.৯. কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি বিজ্ঞানী কর্তৃক উদ্ভাবিত উন্নত জাতের বীজ উৎপাদন ও বিতরণ কার্যক্রমকে আরও ত্বরান্বিত করা;
- ২.১০. জীবপ্রযুক্তির প্রবর্তন, ব্যবহার ও সম্প্রসারণ কার্যক্রমকে ত্বরান্বিত করা;
- ২.১১. প্রকৃত কৃষকদের মাঝে কৃষি ভর্তুকি/সহায়তা বিতরণ করা;
- ২.১২. এন জি ও, বিশ্ববিদ্যালয় এবং অন্যান্য বেসরকারী সংস্থা সমূহকে সম্পৃক্ত করে কৃষি সম্প্রসারণ সেবার উন্নয়নের লক্ষ্যে কৌশল প্রণয়ন করা;
- ২.১৩. কৃষি গবেষণা, সম্প্রসারণ এবং প্রশিক্ষণ কার্যক্রমকে ত্বরান্বিত করা;
- ২.১৪. জৈব সারের ব্যবহার বৃদ্ধি ও সমন্বিত বালাই ব্যবস্থাপনা (আইপিএম) সম্প্রসারণের মাধ্যমে পরিবেশ-বান্ধব টেকসই কৃষি ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা;
- ২.১৫. উদ্ভিদ সংরক্ষণ এবং ব্যবস্থাপনা কার্যক্রম ত্বরান্বিত করা;
- ২.১৬. আন্তর্জাতিক সংস্থাসমূহ এবং বিশ্ব বাণিজ্য সংস্থা (ডব্লিউ টি ও) এর কৃষি চুক্তি, সাফটা ও অন্যান্য দেশ ও বিশ্ব সংগঠনের সাথে এ মন্ত্রণালয়ের আওতাধীন বিষয়ে সমন্বয় রক্ষা করা;
- ২.১৭. কৃষক, ব্যবসায়ী এবং বাণিজ্য সংগঠকদের কৃষি ব্যবসা উদ্যোগকে সহযোগিতা, সহায়তা ও উৎসাহ প্রদান করা; এবং
- ২.১৮. সরকার কর্তৃক নির্ধারিত/ঘোষিত অন্যান্য সেবাসমূহ প্রদান করা।

৩. অভিযোগ/দুর্দশার প্রতিকার

উপসচিব (প্রশাসন-১) ভোক্তাদের দুর্দশা দ্রুততার সাথে প্রতিকারের জন্য ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করবেন। উপকারভোগী/ভোক্তাগণ (মন্ত্রণালয়ের সংস্থাসমূহ এবং প্রাইভেট সংস্থা) অভিযোগ বা দুর্দশাসমূহ প্রতিকারের জন্য ফোকাল পয়েন্ট-কে অবহিত করার জন্য প্রতি বুধবার সকাল ১০.০০ টা থেকে ২.০০ টা পর্যন্ত সময়ে তাঁর সাথে সাক্ষাৎ করতে পারবেন। তিনি জনগণের অভিযোগসমূহের সক্রিয় জবাব দেবেন এবং অভিযোগসমূহ প্রতিকারের তথ্য হালনাগাদ করে তা মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের দপ্তরে নিয়মিতভাবে প্রেরণ করবেন। প্রয়োজন মারফিক সচিব মহোদয় এ বিষয়ে প্রধান

উপদেষ্টার কার্যালয়কে অবহিত করবেন। অতিরিক্ত সচিব (পিপিপি) মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার বৎসরে একবার পুনর্নিরীক্ষণ/পর্যালোচনা করবেন। এ বিষয়ে অন্যান্য প্রাসঙ্গিক তথ্যাদি কৃষি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (<http://www.moa.gov.bd/>) পাওয়া যাবে।

মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থাসমূহের অভিযোগ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এ সংক্রান্ত ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ করা যাবে এবং প্রাইভেট সংস্থাসমূহ তাদের অভিযোগ সরাসরি অথবা ই-মেইলে (dsad1moa.org@yahoo.com) উপসচিব (প্রশাসন-১)-কে প্রেরণ করতে পারবে।

৪। অভিযোগ/দুর্দশা প্রতিকারের সময়সীমা

বিষয়	সময়সীমা
অভিযোগ প্রাপ্তি স্বীকার	২ দিন
অভিযোগকারীর নিকট অন্তর্বর্তীকালীন উত্তর প্রদান	২ সপ্তাহ
চূড়ান্ত নিষ্পত্তি	১ মাস
প্রধান উপদেষ্টার নিকট প্রতিবেদন প্রেরণ	প্রয়োজন মারফিক

ফোকাল পয়েন্ট

উপ-সচিব (প্রশাসন-১)
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ফোন নং- ৮৮-০২-৭১৬৫৩৬৭
ই-মেইল : dsad1moa.org@yahoo.com
ফ্যাক্স নং- ৮৮-০২-৭১৬৩৭৯৯

